যায়যায়দিন

তারিখ 09 JAN 2008
পৃষ্ঠা ১৩ কলাম ৩

জুনিয়র বৃত্তি পরীক্ষা

# রংপুরে বাংলার স্থলে সমাজ বিজ্ঞানের প্রশ্নপত্র সরবরাহ

রংপুর প্রতিনিধি

রংপুরে জুনিয়র বৃত্তি পরীক্ষা প্রথম দিনে গঙ্গাচড়া কেন্দ্রে বাংলা প্রশ্ন প্রত্রের পরিবর্তে সমাজ বিজ্ঞানের প্রশ্নপত্র সরবরাহ করা হয়েছে। এ নিয়ে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তোলপাড় শুরু হলে ৩০ মিনিট পর আবার বাংলা প্রশ্নপত্র নিয়ে পরীক্ষা শুরু হয়।

প্রত্যক্ষদর্শী ও পরীক্ষার্থীরা জানায়, গতকাল সকাল ১০টায় রংপুরের গঙ্গাচড়া সদর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে প্রথম পরীক্ষা বাংলা হওয়ার কথা। কিন্তু সেখানে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয় সমাজ বিজ্ঞান প্রশ্নপত্র। ওই প্রশ্নপত্র পেয়ে পরীক্ষার্থীরা হতবাক হয়ে পড়ে। বিষয়টি শিক্ষকরা টের পেয়ে বিলি করা প্রশ্নপত্র ফিরিয়ে নেন। এরপর কেন্দ্র সচিব আবদুল মজিদকে জানালে তিনি ১২ কিলোমিটার দূরে রংপুর জেলা শিক্ষা অফিস থেকে বাংলা প্রশ্নপত্র নিয়ে গিয়ে আবার পরীক্ষা শুরু করেন। এতে প্রায় ৩০ মিনিট সময় চলে যায়।

গঙ্গাচড়া ইউএনও মুখেশ চন্দ্র বিশ্বাস জানান, বাংলা প্রশ্ন পত্রের প্যাকেটের জায়গায় সমাজ বিজ্ঞান প্রশ্ন পত্রের প্যাকেট এসেছিল। তাই এ সমস্যার সৃষ্টি হয়।